



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিবিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০

১৪ ডিসেম্বর ২০২২  
তারিখ: \_\_\_\_\_  
২৯ অগ্রহায়ণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

চাল ও গম আমদানি খণ্পত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের নেতৃত্বাচক প্রভাবে আন্তর্জাতিক বাজারে সরবরাহ ব্যবস্থা (Supply chain) বিস্তৃত হওয়ায় খাদ্যশস্যের মূল্য বৃদ্ধির বিষয়টি পরিলক্ষিত হচ্ছে। এতদ্বারা আন্তর্জাতিক পণ্য পরিবহন ব্যয়ও বৃদ্ধি পাওয়ায় খাদ্যশস্যের মূল্যের উপর এর নেতৃত্বাচক প্রভাব পরিলক্ষিত হচ্ছে। উবিষ্যত খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য দেশের প্রধান খাদ্যশস্য চাল ও গমের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ নিরবচ্ছিন্ন সরবরাহ অব্যাহত রাখা আবশ্যিক।

২। বর্ণিত প্রেক্ষাপটে, অভান্তরীণ বাজারে চাল ও গমের মূল্য সহনীয় পর্যায়ে রাখা এবং সরবরাহ ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে চাল ও গম আমদানির খণ্পত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিনের হার ব্যাংকার-ঘাহক সম্পর্কের ভিত্তিতে ন্যূনতম পর্যায়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বাস্ত,

(মাকসুদা বেগম)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২